আমিষেই শক্তি, আমিষেই মুক্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রাণিসম্পদ-২ শাখা
www.mofl.gov.bd

স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.১১৮.০৬.০১৬.১২.১৭৯

তারিখ: ২৭ চৈত্র ১৪৩১ / ১০ এপ্রিল ২০২৫

**বিষয়: ন্যাশনাল টেকনিক্যাল রেগুলেটরী কিমিটির (NTRC) ১২তম সভার কার্যবিবরণী অনুমোদন।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ন্যাশনাল টেকনিক্যাল রেগুলেটরী কিমিটির (NTRC) আহবায়ক ও অতিরিক্ত সচিব (প্রাণিসম্পদ), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এর সভাপতিত্বে গত ১৯ মার্চ ২০২৫ তারিখ বিকাল ০৪:০০ ঘটিকায় প্রাণিসম্পদ অধিদপ্তরের অনুষ্ঠিত ১২তম সভার কার্যবিবরণী সদয় অনুমোদন হয়েছে। উক্ত সভার সিদ্ধান্ত মোতাবেক কার্যক্রম গ্রহণের জন্য কার্যবিবরণী এতদসঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ০৮ (আট) পাতা;

১০/৪/২০২৫

(মোহাম্মদ কামাল হোসেন)
উপসচিব
টেলিফোন: ২২২৩৩৫৬৬৯৮
ইমেইল: livestock-2@mofl.gov.bd

মহাপরিচালক (ভারপ্রাপ্ত)
প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা
(দৃ: আ: সদস্য সচিব ও পরিচালক, কৃত্রিম প্রজনন ও ঘাস উৎপাদন, সাভার, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা)।

স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.১১৮.০৬.০১৬.১২.১৭৯

তারিখ: ২৭ চৈত্র ১৪৩১ / ১০ এপ্রিল ২০২৫

**অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:**

১। সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। অতিরিক্ত সচিব (প্রাণিসম্পদ) এর ব্যক্তিগত কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। অফিস কপি।

(মোহাম্মদ কামাল হোসেন)
উপসচিব

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাণিসম্পদ অধিদপ্তর
কৃত্রিম প্রজনন দপ্তর
aic.dls.gov.bd

## ন্যাশনাল টেকনিক্যাল রেগুলেটরী কমিটির (এনটিআরসি) ১২তম সভার কার্যবিবরনী

| | |
|---|---|
| সভাপতি | : আমেনা বেগম<br>অতিরিক্ত সচিব, প্রাণিসম্পদ অনুবিভাগ<br>মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় |
| সভার তারিখ | : ১৯ মার্চ ২০২৫ খ্রিষ্টাব্দ। |
| সময় | : বিকাল ১৪:০০ ঘটিকা |
| সভাস্থল | : সভাকক্ষ, কৃত্রিম প্রজনন দপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর- এর কক্ষ। |
| উপস্থিতি | : সভায় অংশগ্রহনকারী সদস্যগণের তালিকা পরিশিষ্ট ''ক" দ্রষ্টব্য। |

সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে স্বাগত জানানো হয়। সভাপতি কমিটির সদস্য সচিব, মোঃ শাহজামান খান, পরিচালক, কৃত্রিম প্রজনন দপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তরকে সভার আলোচ্যসূচী অনুযায়ী বিষয়সমূহ উপস্থাপনের আহবান জানান।

২। কমিটির সদস্য সচিব মোঃ শাহজামান খান জানান, আলোচ্য সুচী অনুযায়ী একটি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টশন তৈরী করা হয়েছে। তিনি পাওয়ার পয়েন্টের মাধ্যমে আলোচ্যসূচি উপস্থাপন করেন।

উপস্থাপিত বিষয়গুলো হলো-

ক) ২৬-০৯-২০২৪ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ।
খ) পূর্ববর্তী সভার সিদ্ধান্তের আলোকে কৃত্রিম প্রজনন কার্যক্রম পরিচালনায় বেসরকারী সংস্থা কর্তৃক শর্তসমূহ প্রতিপালনের অগ্রগতি পর্যালোচনা।
গ) বেসরকারি পর্যায়ে কৃত্রিম প্রজনন কার্যক্রম পরিচালনার নীতিমালা (সংশোধিত) -২০১৬ কে ``জাতীয় কৃত্রিম প্রজনন নীতিমালা ২০২৫" – বিষয়ে সংশ্লিষ্ট উপকমিটির সুপারিশ পর্যালোচনা
ঘ) বেসরকারী সংস্থাসমূহের বুল ষ্টেশন স্থাপন ও কৃত্রিম প্রজনন কার্যক্রম পরিচালনার জন্য নিবন্ধন /নবায়ন সংক্রান্ত আলোচনা।
ঙ) বেসরকারী সংস্থা বা উদ্যোক্তা কর্তৃক ষাঁড়, গাভী/বকনা, সিমেন, এমব্রায়ো আমদানির আবেদনের বিষয়ে সংশ্লিষ্ট উপকমিটির সুপারিশ পর্যালোচনা ।
চ) বুল ষ্টেশনের প্রজনন ষাঁড়ের প্রত্যয়ন প্রদানের সুপারিশ সংক্রান্ত।
ছ) বিবিধ।

উপস্থাপনার ভিত্তিতে উপস্থিত সদস্যগণ আলোচনায় অংশগ্রহন করেন। প্রথমে ২৬-০৯-২০২৪ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। এরপর কৃত্রিম প্রজনন কার্যক্রম পরিচালনায় বেসরকারী সংস্থা কর্তৃক শর্তসমূহ প্রতিপালনের অগ্রগতি পর্যালোচনা করা হয় এবং সুপারিশ বাস্তবায়নের নিমিত্ত কতিপয় নির্দেশনা প্রদান করা হয়।

বেসরকারী বুল ষ্টেশনের নিবন্ধন /নবায়নের সুপারিশ, বেসরকারী বিভিন্ন বুল ষ্টেশনের ব্রিডিং বুল প্রত্যয়ন, বিভিন্ন প্রকার গবাদিপশু, সিমেন, এমব্রায়ো ইত্যাদি আমদানি ও রপ্তানি সংক্রান্ত কারিগরী উপকমিটির সুপারিশ পর্যালোচনা করা হয় (গৃহিত সিদ্ধান্ত সমূহ অনুচ্ছেদ -৩ উল্লেখ করা আছে।)

বিভিন্ন প্রকার গবাদিপশু, সিমেন, এমব্রায়ো ইত্যাদি আমদানি ও রপ্তানি সংক্রান্ত কারিগরী উপকমিটির সভাপতি ডাঃ বেগম শামসুন্নাহার আহমেদ জানান, বিগত ০৫-০৩-২০২৫ তারিখে উপকমিটির সভায় ১৩টি প্রতিষ্ঠানের বিভিন্ন ধরনের আমদানির আবেদন পর্যালোচনা করে এ বিষয়ে সুপারিশ প্রণয়ন করা হয়েছে।

তার মধ্যে ইয়ন বায়োসায়েন্স লিমিটেড, যুক্তরাষ্ট্র থেকে ১০০% হলষ্টিন ফ্রিজিয়ান জাতের ৪০০০ মাত্রা কনভেনশনাল (conventional) সিমেন ও ১০০০ মাত্রা ফিমেল সেক্সড সিমেন (sexed semen), এবং ভারত/পাকিস্তান হতে বিশুদ্ধ শাহিওয়াল জাতের ২৫টি জীবন্ত ষাঁড়,

৫০টি বকনা, ৫০০টি ভ্রুন ও ৫০০০ মাত্রা ফ্রোজেন সিমেন আমদানির আবেদন করেছেন। তিনি জানান- ইয়ন বায়োসায়েন্স লিমিটেড ব্রিডিং বুল ষ্টেশন পরিচালনাকারী সরকার অনুমোদন প্রাপ্ত একটি বেসরকারী প্রতিষ্ঠান (রেজিষ্ট্রেশন নং ১১, বছরঃ ২০২৪ খ্রিষ্টাব্দ)। ইয়ন বায়োসায়েন্স বেসরকারী কৃত্রিম প্রজনন পরিচালনাকারী প্রতিষ্ঠান হিসেবে উন্নতমানে বুল তৈরীর ক্ষেত্রে আধুনিক প্রযুক্তির ভ্রুন স্থানান্তরের মাধ্যমে দেশে ভালো মানের শাহিওয়াল গরু তৈরীর ক্ষেত্রে অবদান রাখতে পারে। এছাড়াও লালতীর লাইভষ্টক ডেভেলপমেন্ট (বিডি) লিমিটেড, আমেরিকান ডেইরী লিমিটেড ও রংপুর পোল্ট্রি লিমিটেড ভারত/পাকিস্তান থেকে যথাক্রমে ২০টি, ৫০০টি ও ৫০০টি বিশুদ্ধ শাহিওয়াল জাতের এমব্রায়ো আমদানির আবেদন দাখিল করেছেন।

জনাব মোঃ শাহজামান খান, পরিচালক, কৃত্রিম প্রজনন দপ্তর জানান, ভারত বা পাকিস্তানে এলিট শ্রেণীর (এ-গ্রেড) শাহিওয়াল গাভী/ষাঁড় সেদেশ থেকে রফতানির বিষয়ে বেশকিছু সীমাবদ্ধতা আছে। সেক্ষেত্রে ভারত/পাকিস্তান থেকে বিশুদ্ধ শাহিওয়াল আমদানির আবেদন যেসকল প্রতিষ্ঠান দাখিল করেছেন তাদের আবেদনগুলো বিবেচনা যুক্তিযুক্ত হবে না। এছাড়াও বিদেশ থেকে যে সকল প্রতিষ্ঠান সিমেন আমদানি করতে ইচ্ছুক, তাদের আবেদনগুলো বিবেচনা না করে, সরকারীভাবে আমদানিকৃত হলষ্টিন ফ্রিজিয়ান ও শাহিওয়াল জাতের মজুদ সিমেন থেকে ক্রয় করতে পারে। আবার ভারত/পাকিস্তান থেকে শাহিওয়াল জাতের এমব্রায়ো আমদানির ক্ষেত্রে দেশ দুইটির সরকারের পক্ষ থেকে কোন বাধা নেই। তাই, যে সকল প্রতিষ্ঠান বিদেশ থেকে শাহিওয়াল এমব্রায়ো আমদানি করতে ইচ্ছুক তাদেরকে এমব্রায়ো আমদানির সুযোগ দেয়া যেতে পারে বলে প্রস্তাব করেন। ডাঃ মোঃ মউদুদুর রহমান খান, উপপরিচালক, (লেজিসলেশন), প্রাণিসম্পদ অধিদপ্তর এ প্রস্তাব সমর্থন করেন।

এছাড়াও সদস্য সচিব নিম্নে উল্লেখিত বিষয়ে বিস্তারিতভাবে উপস্থাপন করেন।

১) খন্দকার ট্রেড ইন্টারন্যাশনাল, ১৬/এ, আহসান উল্লাহ রোড, কোতয়ালী, ঢাকা কর্তৃক বিদেশ হতে বিভিন্ন প্রজাতির গৃহপালিত প্রাণি আমদানি;

২) ব্র্যাক এআই এন্টারপ্রাইজ ব্র্যাক প্রধান কার্যালয়, ৭৫ মহাখালী, ঢাকা-১২১২ কর্তৃক ব্র্যাকের নিজস্ব বুল মাদার হার্ডে এবং খামারী পর্যায়ে শাহিওয়াল গরুর জাত উন্নয়নের লক্ষ্যে ১০০% শাহিওয়াল জাতের উচ্চ কৌলিক গুণসম্পন্ন ১০ টি প্রজনন ষাঁড় পাকিস্তান হতে আমদানি;

৩) আনিকা ভেরাটিজ ষ্টোর, চর-রানীনগর (বকচর), চর আলাতুলী, সদর, চাঁপাইনবাবগঞ্জ কর্তৃক দেশীয় মাহিষের সাথে উন্নত প্রজাতীর মহিসের প্রজননের মাধ্যমে দেশে উন্নত প্রজাতীর মহিষের বংশ বৃদ্ধি জন্য নেপাল, পাকিস্তান, ভারত ও মিয়ানমার থেকে উন্নত জাতের (বকনা ৯০০ টি এবং ষাঁড় ১০০ টি) মোট ১০০০ (এক হাজার) টি মহিষ আমদানি;

৪) ইজাব এলায়েন্স লিমিটেড, ইজাব ফ্লোরা ইউনিটি টাওয়ার ৪২ মহাখালী বা/এ, ঢাকা-১২১২ কর্তৃক গতিশীল ও সম্প্রসারণ এবং মাঠ পর্যায়ে গবাদিপশুর কাঙ্খিত জেনেটিক মান উন্নয়নের লক্ষ্যে উত্তর আমেরিকা হতে উচ্চ গুনগতমানসম্পন্ন পিউর হলস্টেন ফ্রিজিয়ান জাতের ৪ টি প্রজনন ষাঁড় ও ১ টি গর্ভবতী বকনা আমদানি;

৫) ব্র্যাক এআই এন্টারপ্রাইজ , ব্র্যাক প্রধান কার্যালয়, ৭৫ মহাখালী, ঢাকা-১২১২ কর্তৃক ব্র্যাকের নিজস্ব বুল মাদার হার্ডে এবং খামারী পর্যায়ে হলস্টিন ফ্রিজিয়ান জাতের গরু উন্নয়নের লক্ষ্যে অষ্ট্রেলিয়া হইতে ১০০% হলষ্টিন ফ্রিজিয়ান জাতের উচ্চ কৌলিক গুণ সম্পন্ন ১০টি প্রজনন ষাঁড় আমদানি সংক্রান্ত;

পরিচালক, কৃত্রিম প্রজনন দপ্তর সকল বেসরকারী প্রতিষ্ঠানকে টেবিল-১ এ প্রদর্শিত জাতীয় প্রজনন নীতিমালা অনুসরনের কৃত্রিম প্রজনন নির্দেশিকা- ২০১৯ মেনে চলার অনুরোধ জানান। তিনি বলেন, বেসরকারী সংস্থাসমূহের বুল ষ্টেশন স্থাপন ও কৃত্রিম প্রজনন কার্যক্রম পরিচালনার জন্য নিবন্ধন /নবায়ন সংক্রান্ত উপকমিটির পরিদর্শন কালে বেশ কিছু শর্ত প্রতিপালনের অগ্রগতি পরিলক্ষিত হয়েছে। যেমন- বেসরকারী পর্যায়ে গবাদিপশুর কৃত্রিম প্রজনন কার্যক্রম পরিচালনার সংশোধিত নীতিমালা-২০১৬ এর ৩.২.১ ক্রমিক অনুযায়ী ঠাকুরগাঁও ডেইরী লিমিটেড (টিডিএল) তাঁদের ১০০ জন এ.আই টেকনিশিয়ান কে প্রাণিসম্পদ অধিদপ্তরের তত্বাবধানে ৪ মাসের বেসিক কৃত্রিম প্রজনন বিষয়ক প্রশিক্ষণ শুরু করেছে এবং ইতোমধ্যে আরও ২০০ জন কে প্রশিক্ষন করানো মনোনয়ন দিয়ে আবেদন দাখিল করেছে। এছাড়াও একই নীতিমালা-২০১৬ এর ৩.২.২ ক্রমিক অনুযায়ী রিফ্রেশার্স প্রশিক্ষন করানোর নির্দেশনা মোতাবেক ইতোমধ্যে আমেরিকান ডেইরী লিমিটেড (এডিএল) তাঁদের ১৪২৫ জনকে, এসিআই এর ৪৭৭ জন, লালতীরের ৪৩৮ জন, ইজাব এলায়েন্স এর ৮৬২ জন মাঠ কর্মীকে এআই টেকনিশিয়ান প্রশিক্ষণ কেন্দ্র, সাভার থেকে রিফ্রেশার্স কোর্স সম্পন্ন করেছে। বর্তমানে উক্ত রিফ্রেশার্স কোর্স চলমান আছে এবং আশা করা হচ্ছে, আগামী জুন ২০২৫ মাসের মধ্যে সকল বেসরকারী প্রতিষ্ঠানের মাঠ কর্মীদের রিফ্রেশার্স কোর্স সম্পন্ন হবে। ব্রাক এ আই এন্টারপ্রাইজ এখন পর্যন্ত তাদের কোন মাঠকর্মীদের প্রশিক্ষনে প্রেরন করেনি তবে আজকের সভার শুরুর আগে ২৪০ জন কর্মীকে রিফ্রেশার্স প্রশিক্ষণ কোর্স করানো আবেদন জমা দিয়েছেন। তিনি পর্যায়ক্রমে সকল বেসরকারী প্রতিষ্ঠানকে প্রাণিসম্পদ অধিদপ্তরের তত্বাবধানে নীতিমালা অনুযায়ী কর্মীদের রিফ্রেশার্স প্রশিক্ষণ কোর্স সম্পন্ন করার আহ্বান জানান।

এছাড়া বেসরকারী সংস্থাসমূহের বুল ষ্টেশন স্থাপন ও কৃত্রিম প্রজনন কার্যক্রম পরিচালনার জন্য নিবন্ধন /নবায়ন সংক্রান্ত উপকমিটির পরিদর্শন কালে কমিটি কর্তৃক যে সকল বিষয়ে অধিক গুরুত্ব দেওয়া প্রয়োজন বলে জানানো হয়েছে, তিনি সভায় উপস্থাপন করেন; যেমন-



CamScanner

১. সিমেন উৎপাদন ও মাঠ পর্যায়ে বিতরণের সময় ডিএলএস প্রদত্ত ন্যাশনাল আইডি সম্পূর্নরূপে ষ্ট্র এর গায়ে মুদ্রিত থাকতে হবে।
২. বাতিলকৃত প্রজনন ষাঁড় অবিলম্বে বুল স্টেশন থেকে অপসারণ পূর্বক পরিচালক, কৃত্রিম প্রজনন দপ্তরকে অবহিত করতে হবে।
৩. সিমেন সরবরাহের রোডম্যাপ কৃত্রিম প্রজনন দপ্তর হতে অনুমোদন করিয়ে নিতে হবে।
৪. সিমেন ষ্ট্রতে নিম্নলিখিত তথ্যসমূহ ধারাবাহিকভাবে উল্লেখ থাকতে হবে- প্রতিষ্ঠানের নাম, উৎপাদনের তারিখ, জাত, বুল আইডি, বুলের নাম এবং প্রতিষ্ঠানের নিজস্ব ইউনিক চিহ্ন।
৫. সিমেন ষ্ট্রতে জাতের উল্লেখ হবে নিম্নরূপ-১০০% হলিস্টিন, ১০০% শাহিওয়াল, HFCross এবং SLCross. কোনভাবেই বুলের পারসেন্ট ষ্ট্রতে প্রিন্ট করা যাবে না।
৬. অনুমোদনের ০৩ (তিন) বৎসর পর বুলের প্রজেনী পারফরমেন্স বিজ্ঞানভিত্তিকভাবে উপস্থাপন করতে হবে এবং ব্রিডিং ভ্যালু নির্ণয় করতে হবে।
৭. শাহীওয়াল ও শাহীওয়াল শংকর জাতের প্রজনন ষাঁড়ের প্রজনন কাজে ব্যবহারের সর্বোচ্চ সময়কাল ৮(আট) বছর এবং বয়সের উর্দ্ধসীমা ১২(বার) বছর।
৮. হলিস্টিন ফ্রিজিয়ান শংকর জাতের প্রজনন ষাঁড়ের প্রজনন কাজে ব্যবহারের সর্বোচ্চ সময়কাল ৮(আট) বছর এবং বয়সের উর্দ্ধসীমা ১০ (দশ) বছর।
৯. পরবর্তী প্রত্যয়নপত্র প্রাপ্তির লক্ষ্যে প্রস্তাবিত প্রজনন ষাঁড়ের পিডিগ্রী, মায়ের দুধ উৎপাদন, বাবার আইডি ও জাত ইত্যাদি বিষয়ের উপর অধিকতর গ্রহণযোগ্য প্রমানক দাখিল করতে হবে।
১০. হলিসটিন ফ্রিজিয়ান শংকর জাতের ব্লাড লেভেল ১০০% এর কাছাকাছি রাখার প্রবনতা পরিহার করে ৫০% থেকে ৭৫% এর মধ্যে আবশ্যিকভাবে রাখতে হবে।
১১. দুধ উৎপাদন বাড়ানোর লক্ষ্যে শাহীওয়াল এবং শাহীওয়াল শংকর জাতের ব্যবহার সীমিত করতে হবে।
১২. প্রজনন ষাঁড় প্রত্যয়নের পর সিমেন সংগ্রহ, প্রক্রিয়াজাতকরণ ও বিতরণ করতে হবে। কোন অবস্থায় এর ব্যত্যয় পরিলক্ষিত হলে আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে।
১৩. ২০২৬ সালের মধ্যে নিজস্ব বুল মাদার হার্ড হতে প্রজনন ষাঁড় উৎপাদন, লোকাল জেনেটিক্স সংরক্ষণ এবং মান নিয়ন্ত্রণ নিশ্চিত করতে হবে।
১৪. ট্রায়াল শুরুর পুর্বেই ষাঁড় বাছুরের পিডিগ্রীর তথ্যাদি নির্ধারিত ছকে তথ্যাদি পরিচালক, কৃত্রিম প্রজনন দপ্তর বরাবরে প্রেরণ নিশ্চিত করতে হবে।
১৫. প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক অপ্রত্যায়িত অথবা ট্রায়াল বুল হতে সিমেন সংগ্রহ ও প্রক্রিয়াজাত করে মাঠ পর্যায়ে কৃত্রিম প্রজনন কাজে ব্যবহার করা যাবে না।
১৬. প্রত্যেক প্রতিষ্ঠানকে প্রত্যেকটি বুলের বিশেষত হলিস্টিন ফ্রিজিয়ান ও তাদের শংকর জাতের A1/A2 Beta Casein জিন নির্ণয় করার জন্য ব্যবস্থা গ্রহন করতে হবে।
১৭. নীতিমালার নির্দেশনা (৩.২.২) অনুযায়ী প্রতিটি বেসরকারী সেবাদানকারী প্রতিষ্ঠানের কর্মীদের প্রাণিসম্পদ অধিদপ্তরের নিজস্ব প্রশিক্ষণ প্রতিষ্ঠান থেকে রিফ্রেশার্স প্রশিক্ষণ গ্রহন করতে হবে।
১৮. প্রতিটি ইউনিয়নে /ক্যাচমেন্ট এলাকায় একই প্রতিষ্ঠানের একাধিক কর্মী নিয়োজিত থেকে বিরত থাকতে হবে।

**টেবিল-০১: জাতীয় প্রজনন নীতিমালা অনুসরনের কৃত্রিম প্রজনন নির্দেশিকা**- ২০১৯**

| নির্দেশনা | বকনা/গাভী | খামারী অবস্থা | প্রাপ্য বীজ |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১ | দেশী | দরিদ্র/মধ্যবিত্ত | দেশী (RCC, Pabna, মুন্সীগঞ্জ, উন্নত দেশী) |
| ২ | দেশী | স্বচ্ছল খামার মালিক | ১০০% হলষ্টিয়ান-ফ্রিজিয়ান |
| ৩ | শাহিওয়াল-দেশী | মধ্যবিত্ত ও স্বচ্ছল খামার মালিক | ১০০% শাহিওয়াল, ৫০% শাহিওয়াল x ৫০% দেশী |
| ৪ | ৫০% ফ্রিজিয়ান x ৫০% দেশী | ঐ | ৫০% ফ্রিজিয়ান x ৫০% দেশী |
| ৫ | ৫০%⁺ ফ্রিজিয়ান x ৫০% দেশী | ঐ | ৫০% ফ্রিজিয়ান x ৫০% দেশী |

** সকল ক্ষেত্রে যে কোন বকনা/গাভীকে ঘনিষ্ঠ সম্পর্কযুক্ত (নিকট আত্মীয়) ষাঁড়ের বীজ দ্বারা প্রজনন পরিহার বাঞ্ছনীয়।

৩। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নে লিখিত সিদ্ধান্ত সমূহ সর্বসম্মতভাবে গৃহিত হয়।

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ৩.১ | ২৬-০৯-২০২৪ তারিখের কার্যবিবরণী অনুমোদন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। | মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর ও পরিচালক, কৃত্রিম প্রজনন দপ্তর, DLS উপপরিচালক, জেলা কৃত্রিম প্রজনন দপ্তর ও বেসরকারী সংস্থা |
| ৩.২ | বেসরকারি পর্যায়ে কৃত্রিম প্রজনন কার্যক্রম পরিচালনার নীতিমালা (সংশোধিত) -২০১৬ কে ' **জাতীয় কৃত্রিম প্রজনন নীতিমালা (সংশোধিত) ২০২৫"** – এর খসড়া উপকমিটি কর্তৃক প্রনয়নকৃত সুপারিশ এনটিআরসি'র সকল সদস্যদের নিকট মতামতের জন্য ইমেলের মাধ্যমে প্রেরনের করা হবে। কমিটি সদস্যসগণ আগামী ০৬ এপ্রিল ২০২৫ তারিখের মধ্যে | পরিচালক, কৃত্রিম প্রজন দপ্তর ও মহাপরিচালক প্রাণিসম্পদ অধিদপ্তর |



CamScanner

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| | মতামত/সুপারিশ প্রদান করবেন। পরিচালক, কৃত্রিম প্রজনন দপ্তর ও সদস্য সচিব, এনটিআরসি প্রাপ্ত মতামত/সুপারিশ সংযোজন করে মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তরের মাধ্যমে অনুমোদনের নিমিত্ত মন্ত্রণালয়ে প্রেরন করবেন। | |
| ৩.৩ | **বেসরকারী বুল ষ্টেশনের নিবন্ধন /নবায়নের সুপারিশঃ**<br><br>৩.৩.১ **ঠাকুরগাঁও ডেইরী লিমিটেড (টিডিএল), ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও-এর** বুল ষ্টেশন নিবন্ধন নবায়নের আবেদন সংশ্লিষ্ট উপকমিটি কর্তৃক উপস্থাপিত পরিদর্শন প্রতিবেদন (পরিদর্শনের তারিখঃ ১১-০৩-২০২৫ খ্রিষ্টাব্দ) সন্তোষজনক হওয়ায় প্রতিষ্ঠানটির নিবন্ধন কমিটি কর্তৃক নবায়নের সুপারিশ করা হয়।<br><br>৩.৩.২ **ইয়ন বায়োসায়েন্স লিমিটেড, বদরগঞ্জ,** রংপুর-এর বুল ষ্টেশন নিবন্ধন নবায়নের আবেদন সংশ্লিষ্ট উপকমিটি কর্তৃক উপস্থাপিত পরিদর্শন প্রতিবেদন (পরিদর্শনের তারিখঃ ১১-০৩-২০২৫ খ্রিষ্টাব্দ) সন্তোষজনক হওয়ায় প্রতিষ্ঠানটির নিবন্ধন কমিটি কর্তৃক নবায়নের সুপারিশ করা হয়। | মহাপরিচালক<br>প্রাণিসম্পদ অধিদপ্তর |
| ৩.৪ | **বেসরকারী বিভিন্ন বুল ষ্টেশনের ব্রিডিং নতুন বুল প্রত্যয়নঃ**<br>৩.৪.১ ঠাকুরগাঁও ডেইরী লিমিটেড (টিডিএল)- এর ব্রিডিং বুল আইডি (211, 215, 220, 222, 223, 224, 225, 226, 227, 322, 330, 333, 340, 342, 343, 345, 346, 348) ১৮টি আবেদিত ব্রিডিং বুলগুলোর **টিবি ও ব্রুসেলা পরীক্ষা** সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র না থাকায় উপকমিটির সুপারিশ মোতাবেক কোন প্রজনন ষাঁড় প্রত্যয়নের জন্য সুপারিশ করা হয়নি। টিবি ও ব্রুসেলা পরীক্ষার চুড়ান্ত প্রতিবেদন পাওয়ার পর পরবর্তী সভায় উপস্থাপনের জন্য সুপারিশ করা হয়।<br><br>৩.৪.২ ব্রাক এ আই এন্টারপ্রাইজ, শম্ভুগঞ্জ, ময়মনসিংহ এর ব্রিডিং বুল আইডি (23-386-09-22, 23-387-05-22, 23-373-12-21, 23-384-05-22, 24-404-09-22, 24-405-02-23, 24-406-04-23, 24-407-02-23) ৮টি আবেদিত ব্রিডিং বুলের মধ্যে সংশ্লিষ্ট উপকমিটির সুপারিশ মোতাবেক আরসিসি জাতের ২টি প্রজনন ষাঁড় (ষাঁড় নং- 23-386-09-22, 23-387-05-22) প্রত্যয়নের **জন্য সুপারিশ করা হয়** বাকি ৬ (ছয়) টি (ষাঁড় নং- 23-373-12-21, 23-384-05-22, 24-404-09-22, 24-405-02-23, 24-406-04-23, 24-407-02-23) ষাঁড়ের সিমেন সংগ্রহ ও ব্যবহারের জন্য অধিকতর প্রমানক দাখিল সাপেক্ষে পরবর্তী সভায় উপস্থাপনের জন্য সুপারিশ করা হলো।<br><br>প্রত্যায়িত ২টি আরসিসি প্রজনন ষাঁড়ের সিমেন উৎপাদন পর্যায়ে ষ্ট্র প্রিন্ট করার ক্ষেত্রে এনটিআরসি ১১তম সভার সিদ্ধান্ত মোতাবেক প্রাতিষ্ঠানিক কোড নম্বর সহ ন্যাশনাল আইডি ব্যবহারের জন্য সুপারিশ করা হলো। যেমন- 03RCC0386, 03RCC0387 = মোট ২টি<br><br>৩.৪.৩ এসিআই এনিমেল জেনেটিক্স, শ্রীপুর, গাজীপুর এর ব্রিডিং বুল আইডি (223, 224, 225, 226. 227. 250, 251) ৭টি আবেদিত ব্রিডিং বুলগুলোর ক্ষেত্রে কাগজপত্রসহ প্রয়োজনীয় প্রমানক না থাকায় উপকমিটির সুপারিশ মোতাবেক কোন প্রজনন ষাঁড় প্রত্যয়নের জন্য সুপারিশ করা হয়নি। অধিকতর প্রমানক দাখিল সাপেক্ষে পরবর্তী সভায় উপস্থাপনের জন্য সুপারিশ করা হলো।<br><br>৩.৪.৪ **ব্রাক এ আই এন্টারপ্রাইজ,** শেরপুর,বগুড়ার ব্রিডিং বুল আইডি (23-394-11-22, 23-395-02-23, 23-385-09-22, 23-393-08-22, 23-396-01-23, 23-397-02-23, 24-398-03-22, 24-399-05-22, 24-400-09-22, 24-401-10-22 ) ১০টি আবেদিত ব্রিডিং বুলের মধ্যে উপকমিটির সুপারিশ মোতাবেক ২টি (দুই) প্রজনন ষাঁড় (ষাঁড় নং- 23-394-11-22, 23-395-02-23,) হিসেবে সিমেন সংগ্রহ ও ব্যবহারের নিমিত্ত **প্রত্যায়ন করার জন্য সুপারিশ প্রদান করা হলো** এবং বাকি ৮ (আট)টি (ষাঁড় নং-23-385-09-22, 23-393-08-22, 23-396-01-23, 23-397-02-23, 24-398-03-22, 24-399-05-22, 24-400-09-22, 24-401-10-22) হিসেবে সিমেন সংগ্রহ ও ব্যবহারের জন্য প্রত্যয়ন করা গেল না। | পরিচালক<br>কৃত্রিম প্রজন দপ্তর<br>ও<br>উপপরিচালক<br>জেলা কৃত্রিম প্রজনন দপ্তর<br>এবং<br>বেসরকারী সংস্থা |

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| | প্রত্যায়িত ২টি প্রজনন ষাঁড়ের সিমেন উৎপাদন পর্যায়ে ষ্ট্র প্রিন্ট করার ক্ষেত্রে এনটিআরসির ১১তম সভার সিদ্ধান্ত অনুযায়ী ডিএলএস প্রদত্ত প্রাতিষ্ঠানিক কোড নম্বর সহ ন্যাশনাল আইডি ব্যবহারের জন্য সুপারিশ করা হলো। যেমন- 07HFX0394, 07HFX0395 = মোট ২টি। অনুমোদনহীন অপ্রত্যায়িত ষাঁড় ৮টি (23-385-09-22, 23-393-08-22, 23-396-01-23, 23-397-02-23, 24-398-03-22, 24-399-05-22, 24-400-09-22, 24-401-10-22) স্বল্প সময়ের মধ্যে দ্রুততার সহিত উপপরিচালক, জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র, বগুড়ার উপস্থিতিতে অপসারন নিশ্চিত করার জন্য সুপারিশ করা হলো এবং এ সংক্রান্ত একটি প্রতিবেদন পরিচালক, কৃত্রিম প্রজনন দপ্তরে প্রেরনের জন্য সুপারিশ করা হলো। আপসারনের সময় ষাঁড়গুলিকে জবাই / খোজাকরন নিশ্চিত করতে হবে।<br><br>৩.৪.৫ ইয়ন বায়োসায়েন্স লিমিটেড- এর ব্রিডিং বুল আইডি (9111, 9122, 9144, 9149, 7010, 7011, 7016, 7017, 7018, 7019, 8025) ১১টি আবেদিত ব্রিডিং বুলের মধ্যে উপকমিটির সুপারিশ মোতাবেক ৫টি (পাঁচ) প্রজনন ষাঁড় (ষাঁড় নং (9122, 9149, 7011, 7017, 7018) হিসেবে সিমেন সংগ্রহ ও ব্যবহারের নিমিত্ত প্রত্যয়নের জন্য সুপারিশ প্রদান করা হলো এবং বাকি ৬ (ছয়)টি (ষাঁড় নং- (9111. 8025, 9144, 7010, 7016, 7019) হিসেবে সিমেন সংগ্রহ ও ব্যবহারের জন্য প্রত্যয়ন করা গেল না।<br><br>প্রত্যায়িত ৫টি প্রজনন ষাঁড়ের সিমেন উৎপাদন পর্যায়ে ষ্ট্র প্রিন্ট করার ক্ষেত্রে এনটিআরসির সুপারিশ অনুযায়ী ডিএলএস প্রদত্ত প্রাতিষ্ঠানিক কোড নম্বর সহ ন্যাশনাল আইডি ব্যবহারের জন্য অনুরোধ করা হলো। যেমন- 11HFX9122, 11HFX9149, 11SLX7011, 11SLX7017, 11SLX7018 = মোট ৫টি<br><br>অনুমোদনহীন অপ্রত্যায়িত ষাঁড় ৬টি (9111. 8025, 9144, 7010, 7016, 7019) স্বল্প সময়ের মধ্যে দ্রুততার সহিত উপপরিচালক, জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র, রংপুরের উপস্থিতিতে অপসারন নিশ্চিত করার জন্য বলা হলো এবং এ সংক্রান্ত একটি প্রতিবেদন পরিচালক, কৃত্রিম প্রজনন দপ্তরে প্রেরনের জন্য বলা হলো। আপসারনের সময় ষাঁড়গুলিকে জবাই / খোজাকরন নিশ্চিত করতে হবে। | |
| ৩.৫ | <u>**বিভিন্ন প্রকার গবাদিপশু, সিমেন, এমব্রায়ো ইত্যাদি আমদানি ও রপ্তানি সংক্রান্ত কারিগরী উপকমিটির সুপারিশ পর্যালোচনান্তে গৃহিত সিদ্ধান্তঃ**</u><br><br>৩.৫.১ ইয়ন বায়োসায়েন্স লিমিটেড, সন্তোষপুর, বদরগঞ্জ, রংপুর দেশীয় গবাদিপ্রাণির জেনেটিক মান উন্নয়নের মাধ্যমে দুধ ও মাংস উৎপাদন বৃদ্ধিকল্পে ইউএসএ থেকে ১০০% হলেষ্টেইন ফ্রিজিয়ান ফ্রোজেন সিমেন ৪০০০ মাত্রা এবং সেক্সড সিমেন ১০০০ মাত্রা আমদানির ক্ষেত্রে- আমদানির অনুমতি না দিয়ে সরকারের নিকট উচ্চগুন সম্পন্ন ১০০% হলেষ্টেইন ফ্রিজিয়ান ফ্রোজেন সিমেন থেকে ( ইউএসএ থেকে আমদানিকৃত ৩৬০০০ মাত্রা মজুদ আছে) আমদানি মুল্যে ক্রয় করার জন্য সুপারিশ করা হলো।<br><br>৩.৫.২ ইয়ন বায়োসায়েন্স লিমিটেড, সন্তোষপুর, বদরগঞ্জ, রংপুর দেশীয় গবাদিপ্রাণীর জেনেটিক মান উন্নয়নের মাধ্যমে দুধ ও মাংস উৎপাদন বৃদ্ধিকল্পে প্রজনন বুল তৈরীর লক্ষ্যে ভারত অথবা পাকিস্তান হতে ১০০% শাহীওয়াল ফ্রোজেন সিমেন ৫০০০ মাত্রা আমদানির ক্ষেত্রে আমদানির অনুমতি না দিয়ে সরকারের নিকট উচ্চগুন সম্পন্ন ১০০% শাহিওয়াল ফ্রোজেন সিমেন ( ভারত থেকে আমদানিকৃত ১০০% শাহিওয়াল ফ্রোজেন সিমেন মজুদ আছে) আমদানি মুল্যে ক্রয় করার জন্য সুপারিশ করা হলো।<br><br>৩.৫.৩ ইয়ন বায়োসায়েন্স লিমিটেড, সন্তোষপুর, বদরগঞ্জ, রংপুর দেশীয় গবাদিপ্রাণীর জেনেটিক মান উন্নয়নের মাধ্যমে দুধ ও মাংস উৎপাদন বৃদ্ধিকল্পে প্রজনন বুল তৈরীর লক্ষ্যে ভারত অথবা পাকিস্তান হতে ১০০% শাহীওয়াল ৫০০ টি ভ্রূণ আমদানির ক্ষেত্রে -দ্রুত জেনেটিক মান উন্নয়ন করার ক্ষেত্রে ভ্রুন স্থানান্তর প্রযুক্তি অত্যন্ত টেকসই ও ফলপ্রসু প্রযুক্তি বিধায় ভারত বা পাকিস্তান থেকে ৫০০ টি ১০০% শাহিওয়াল ভ্রুন আমদানির অনুমতি প্রদানের জন্য সুপারিশ করা হলো। | মহাপরিচালক<br>প্রাণিসম্পদ অধিদপ্তর |

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| | ৩.৫.৪ ইয়ন বায়োসায়েন্স লিমিটেড, সন্তোষপুর, বদরগঞ্জ, রংপুর দেশীয় গবাদিপ্রাণীর জেনেটিক মান উন্নয়নের মাধ্যমে দুধ ও মাংস উৎপাদন বৃদ্ধিকল্পে প্রজনন বুল তৈরীর লক্ষ্যে ভারত অথবা পাকিস্তান হতে ১০০% শাহীওয়াল ২৫ টি জীবন্ত ষাঁড় আমদানির ক্ষেত্রে-জীবন্ত ষাঁড় আমদানি নিরুৎসাহিত বিধায় অনুমোদনের জন্য সুপারিশ করা গেল না।<br><br>৩.৫.৫ ইয়ন বায়োসায়েন্স লিমিটেড, সন্তোষপুর, বদরগঞ্জ, রংপুর দেশীয় গবাদিপ্রাণীর জেনেটিক মান উন্নয়নের মাধ্যমে দুধ ও মাংস উৎপাদন বৃদ্ধিকল্পে প্রজনন বুল তৈরীর লক্ষ্যে ভারত অথবা পাকিস্তান হতে ১০০% শাহীওয়াল ৫০ টি জীবন্ত বকনা আমদানির ক্ষেত্রে-জীবন্ত বকনা আমদানি নিরুৎসাহিত বিধায় অনুমোদনের জন্য সুপারিশ করা গেল না।<br><br>৩.৫.৬ খন্দকার ট্রেড ইন্টারন্যাশনাল, ১৬/এ, আহসান উল্লাহ রোড, কোতয়ালী, ঢাকা বিদেশ হতে বিভিন্ন প্রজাতির গৃহপালিত প্রাণি আমদানির ক্ষেত্রে - আবেদন টি এনটিআরসির এখতিভুক্ত নয় বিধায় অনুমোদনের জন্য সুপারিশ করা গেল না।<br><br>৩.৫.৭ ব্র্যাক এআই এন্টারপ্রাইজ ব্র্যাক প্রধান কার্যালয়, ৭৫ মহাখালী, ঢাকা-১২১২, ব্র্যাকের নিজস্ব বুল মাদার হার্ডে এবং খামারী পর্যায়ে শাহিওয়াল গরুর জাত উন্নয়নের লক্ষ্যে ১০০% শাহিওয়াল জাতের উচ্চ কৌলিক গুণসম্পন্ন ১০ টি প্রজনন ষাঁড় পাকিস্তান হতে আমদানির ক্ষেত্রে- জীবন্ত ষাঁড় আমদানি নিরুৎসাহিত থাকায় অনুমোদনের জন্য সুপারিশ করা গেল না।<br><br>৩.৫.৮ আনিকা ভেরাটিজ ষ্টোর, চর-রানীনগর (বকচর), চর আলাতুলী, সদর, চাঁপাইনবাবগঞ্জ, দেশীয় মাহিষের সাথে উন্নত প্রজাতীর মহিষের প্রজননের মাধ্যমে দেশে উন্নত প্রজাতীর মহিষের বংশ বৃদ্ধি জন্য নেপাল, পাকিস্তান, ভারত ও মিয়ানমার থেকে উন্নত জাতের (বকনা ৯০০ টি এবং ষাঁড় ১০০ টি) মোট ১০০০ (এক হাজার) টি মহিষ আমদানির ক্ষেত্রে- মহিষের প্রজনন বৃদ্ধি করার লক্ষ্যে অনুমোদন দেয়ার আগে উপ-কমিটি কর্তৃক খামারটি পরিদর্শন করে প্রতিবেদন দাখিল করার জন্য বলা হলো।<br><br>৩.৫.৯ ইজাব এলায়েন্স লিমিটেড, ইজাব ফ্লোরা ইউনিটি টাওয়ার ৪২ মহাখালী বা/এ, ঢাকা-১২১২, গতিশীল ও সম্প্রসারণ এবং মাঠপর্যায়ে গবাদিপশুর কাঙ্খিত জেনেটিক মান উন্নয়নের লক্ষ্যে উত্তর আমেরিকা হতে উচ্চ গুনগতমানসম্পন্ন পিউর হলস্টেন ফ্রিজিয়ান জাতের ৪ টি প্রজনন ষাঁড় ও ১ টি গর্ভবতী বকনা আমদানির ক্ষেত্রে - জীবন্ত প্রাণি আমদানি নিরুৎসাহিত থাকায় অনুমোদনের জন্য সুপারিশ করা গেল না।<br><br>৩.৫.১০ ব্র্যাক এআই এন্টারপ্রাইজ ব্র্যাক প্রধান কার্যালয়, ৭৫ মহাখালী, ঢাকা-১২১২, ব্র্যাকের নিজস্ব বুল মাদার হার্ডে এবং খামারী পর্যায়ে হলস্টিন ফ্রিজিয়ান জাতের গরু উন্নয়নের লক্ষ্যে অষ্ট্রেলিয়া হইতে ১০০% হলষ্টিন ফ্রিজিয়ান জাতের উচ্চ কৌলিক গুণ সম্পন্ন ১০টি প্রজনন ষাঁড় আমদানির ক্ষেত্রে- অষ্ট্রেলিয়া থেকে জীবন্ত ষাঁড় আমদানি নিরুৎসাহিত থাকায় অনুমোদনের জন্য সুপারিশ করা গেল না।<br><br>৩.৫.১১ লাল তীর লাইভস্টক ডেভেলপমেন্ট (বিডি) লিমিটেড, এনকোর টাওয়ার, ১০৮ বীর উত্তম সি,আর দত্ত রোড, ঢাকা-১২০৫ দেশের প্রাণিসম্পদের উন্নয়নের স্বার্থে শাহিওয়াল জাতের পাকিস্তান হতে ৫০ টি এম্ব্রায়ো আমদানির ক্ষেত্রে- দ্রুত জেনেটিক মান উন্নয়নে ভ্রুন স্থানান্তর প্রযুক্তি অত্যন্ত টেকসই ও ফলপ্রসু প্রযুক্তি বিধায় ভারত বা পাকিস্তান থেকে ৫০ টি ১০০% শাহিওয়াল ভ্রুন আমদানির সুপারিশ করা হলো।<br><br>৩.৫.১২ আমেরিকান ডেইরী লিমিটেড, বাড়ি নং ২১, রোড নং ১০৪, গুলশান ২, ঢাকা দেশের প্রাণিসম্পদের উন্নয়নের স্বার্থে ভারত/পাকিস্তান থেকে ১০০% বিশুদ্ধ শাহিওয়াল জাতের ৫০০ টি ভ্রুণ আমদানির ক্ষেত্রে-দ্রুত জেনেটিক মান উন্নয়নে ভ্রুন স্থানান্তর প্রযুক্তি অত্যন্ত টেকসই ও ফলপ্রসু প্রযুক্তি বিধায় ভারত বা পাকিস্তান থেকে ৫০০ টি ১০০% শাহিওয়াল ভ্রুন আমদানির সুপারিশ করা হলো।<br><br>৩.৫.১৩ রংপুর পোল্ট্রি লিমিটে, খাপড়িখাল চান্দামাড়ি, গংগাচড়া, রংপুর কর্তৃক আবেদিত দেশের প্রাণিসম্পদের উন্নয়নের স্বার্থে ভারত/পাকিস্তান থেকে ১০০% বিশুদ্ধ শাহিওয়াল জাতের ৫০০ টি ভ্রুণ আমদানির ক্ষেত্রে-দ্রুত জেনেটিক মান উন্নয়নে ভ্রুন স্থানান্তর প্রযুক্তি অত্যন্ত টেকসই ও ফলপ্রসু প্রযুক্তি বিধায় ভারত বা পাকিস্তান থেকে ৫০০ টি ১০০% শাহিওয়াল ভ্রুন আমদানির সুপারিশ করা হলো। | |



CamScanner

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্ব |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ৩.৬ | **উপ কমিটির অনুমোদন-**<br>NTRC এর কাজে সহায়তা করার জন্য ২ বছর মেয়াদী ২০২৩ সালে গঠিত ৩ (তিন) টি কারিগরি উপ-কমিটি সমূহের সদস্যদের কোনরূপ সংযোজন বা বিয়োজন না করে কারিগরি উপ-কমিটি সমূহের মেয়াদ ভূতাপেক্ষভাবে পরবর্তী সিদ্ধান্ত না নেওয়া পর্যন্ত বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সভাপতি, এনটিআরসি |
| ৩.৭ | **মাঠ কর্মীদের রিফ্রেশার্স প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহনকারীদের অনুমোদন (নীতিমালা ৩.২.২)**<br>২০১৬ সাল থেকে মাঠ পর্যায়ে কর্মরত এডিএলের ১৪২৫ জন, এসিআই এর ৪৭৭ জন, লালতীরের ৪৩৮ জন, ইজাব এলায়েন্স এর ৮৬২ জন মাঠ কর্মী সাভারে রিফ্রেশার্স প্রশিক্ষন কোর্স সম্পন্ন করেছে, আর যে সকল প্রতিষ্ঠান এখনও তাদের মাঠ কর্মীদের রিফ্রেশার্স কোর্সে প্রেরন করেন নি, তাদের প্রশিক্ষন করতে হবে। যথাসময়ে রিফ্রেশার্স প্রশিক্ষন করাতে ব্যর্থ হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহন করতে হবে। | পরিচালক<br>কৃত্রিম প্রজন দপ্তর, DLS<br>ও<br>বেসরকারী সংস্থা |
| ৩.৮ | এস আর ইম্পোর্ট এন্ড এক্সপোর্ট কর্তৃক দক্ষিন আফ্রিকা থেকে বোর ছাগল আমদানির আবেদন বিবেচনায় নিয়ে পর্যালোচনা করা হয় এবং National Livestock Development Policy 2007 এর অনুচ্ছেদ ৩(১) এর বিবরন অনুযায়ী, বাংলাদেশে ব্লাক বেঙ্গল ছাগল ব্যতিত অন্য কোন ছাগল পালনের সুযোগ নেই । | - |
| ৩.৯ | ব্রাক এ আই এন্টার প্রাইজ কর্তৃক পটুয়াখালি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ব্লাক বেঙ্গল ছাগলের সাথে যমুনাপারি ছাগলের শংকর তৈরী করতঃ গবেষণার অনুমতির আবেদন বিবেচনা করা হয় এবং National Livestock Development Policy 2007 **এর অনুচ্ছেদ ৩(১) এর বিবরন অনুযায়ী, বাংলাদেশে ব্লাক বেঙ্গল ছাগল ব্যতিত অন্য কোন ছাগল পালনের সুযোগ নেই বিধায় অনুমোদনের জন্য সুপারিশ করা গেল না।** | মহাপরিচালক<br>প্রাণিসম্পদ অধিদপ্তর |
| ৩.১০ | ভ্রুণ আমদানির আগ্রহী প্রতিষ্ঠান গুলোর কার্যক্রমের স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধির লক্ষ্যে প্রাণিসম্পদ অধিদপ্তরাধীন ভ্রুণ স্থানান্তর ল্যাবরেটরীকে আধুনিকায়ন ও জোড়দারকরন করতে হবে। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর এ বিষয়ে কার্যকরী ব্যবস্থা গ্রহন করবেন। | মহাপরিচালক<br>প্রাণিসম্পদ অধিদপ্তর |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

০৭.০৪.২৫
(আমেনা বেগম)
অতিরিক্ত সচিব, প্রাণিসম্পদ অনুবিভাগ
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
ও
সভাপতি
ন্যাশনাল টেকনিক্যাল রেগুলেটরী কমিটি (এনটিআরসি)

**সদয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ**

১। প্রফেসর ড. এ.কে ফজলুল হক ভূঁইয়া, ভাইস চ্যান্সেলর, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ ও সদস্য NTRC ।
২-৩। পরিচালক, প্রশাসন/সম্প্রসারণ, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা ও সদস্য NTRC ।
৪। পরিচালক, কৃত্রিম প্রজনন দপ্তর, প্রাণিসম্পদ অধিপ্তর, ফার্মগেট, ঢাকা ও সদস্য সচিব NTRC ।
৫। পরিচালক, কেন্দ্রীয় গো-প্রজনন ও দুগ্ধ খামার, সাভার, ঢাকা ও সদস্য NTRC ।
৬। প্রফেসর ড. মোঃ মোশারফ উদ্দিন ভূঞা, সার্জারী এন্ড অবস্টেট্রিক্স বিভাগ, বাকৃবি, ময়মনসিংহ ও সদস্য NTRC ।
৭। পরিচালক, কেন্দ্রীয় ভেটেরিনারি হাসপাতাল, ৪৮ কাজী আলাউদ্দিন রোড, ঢাকা ও সদস্য NTRC ।
৮। প্রফেসর ড. লাম ইয়া আসাদ, ANG এন্ড ব্রিডিং বিভাগ, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা ও সদস্য NTRC ।
৯। উপ পরিচালক, লেজিসলেশন, প্রশাসন/নিবন্ধন/সার্টিফিকেশন, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা ও সদস্য NTRC ।
১০। প্রিন্সিপাল সায়েন্টিফিক অফিসার, এ্যানিমেল ব্রিডিং শাখা, সাভার, ঢাকার সদস্য NTRC ।
১১। ড. গৌতম কুমার দেব, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, বিএলআরআই, সাভার, ঢাকা ও সদস্য NTRC ।
১২। আমেরিকান ডেইরী লিমিটেড- এর প্রতিনিধি, সদস্য NTRC ।
১৩। লালতীর লাইভস্টক ডেভেলপমেন্ট (বিডি) লিমিটেড এর প্রতিনিধি, সদস্য NTRC ।
১৪। ব্র্যাক এ আই এন্টারপ্রাইজ (কৃত্রিম প্রজনন ডিভিশন) এর প্রতিনিধি, সদস্য NTRC ।
১৫। এ.সি.আই এনিম্যাল জেনেটিক্স এর প্রতিনিধি, সদস্য NTRC ।
১৬। বেঙ্গল মিট প্রসেসিং ইন্ডাস্ট্রিজ লিমিটেড এর প্রতিনিধি, সদস্য NTRC ।



CamScanner

সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
২। মহাপরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান (বিএলআরআই), সাভার, ঢাকা।
৩। ডীন, ভেটেরিনারি মেডিসিন অনুষদ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।
৪। ডীন, এনিম্যাল সায়েন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন অনুষদ, শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। অফিস কপি।



CamScanner